# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 20-03-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর -

১) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রচারে রেডিও – টিভির পাশাপাশি সমাজ মাধ্যমে রাজনৈতিক বিজ্ঞাপনের ওপরেও নির্বাচন কমিশন নজরদারি চালাবে।

২) রাজ্যে ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে কমিশন আজ সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে দফায় দফায় বৈঠক করে।

৩) তৃণমূল কংগ্রেস আজ বিধানসভা নির্বাচনের ইস্তেহার প্রকাশ করেছে। এতে, দুয়ারে চিকিৎসা, নতুন সাতটি জেলা সহ ১০ দফা প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। বিজেপি এই ইস্তেহারের সমালোচনা করেছে।

৪) দেশে রান্নার গ্যাসের মজুত ও সরবরাহ নিয়ে কেন্দ্রীয় সরকার দেশবাসীকে আবারও আশ্বস্ত করেছে।

৫) আগামীকাল খুশীর ঈদ। চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি।

৬) কলকাতার আর জি কর হাসপাতালে লিফটে আটকে একজনের মৃত্যুতে চাঞ্চল্য দেখা দিয়েছে।

৭) কলকাতায় আই এস এল ফুটবলে মোহনবাগান, মুম্বাই এফ সি-র মুখোমুখি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রচারে রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রের পাশাপাশি সামাজিক মাধ্যমে রাজনৈতিক বিজ্ঞাপনের উপরও নজরদারি চালাবে। কমিশনের নির্দেশ অনুযায়ী, কোনও রাজনৈতিক দল, প্রার্থী বা সংগঠন, মিডিয়া সার্টিফিকেশন অ্যান্ড মনিটরিং কমিটি, MCMC-র আগাম অনুমোদন ছাড়া সমাজ মাধ্যমে কোনও রাজনৈতিক বিজ্ঞাপন দিতে পারবে না। টিভি, রেডিও, ই-পেপার, পাবলিক ডিসপ্লে, বাল্ক এসএমএস বা ভয়েস মেসেজের মতোই সোশ্যাল মিডিয়ার ক্ষেত্রেও এই নিয়ম বাধ্যতামূলক করা হয়েছে।

নির্দেশিকায় বলা হয়েছে, মনোনয়ন জমা দেওয়ার সময় সমাজ মাধ্যমে প্রার্থীদের মূল অ্যাকাউন্টের বিবরণ হলফনামায় জানাতে হবে। পাশাপাশি নির্বাচনী প্রচারে ইন্টারনেট ও সামাজিক মাধ্যমের জন্য খরচের বিস্তারিত হিসেবও নির্দিষ্ট সময়ের মধ্যে কমিশনের কাছে জমা দিতে হবে।

পেইড নিউজ বা ভুয়ো প্রচার রুখতে এমসিএমসি-কে কড়া নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। সন্দেহজনক বিজ্ঞাপন বা সংবাদ চিহ্নিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলেও জানিয়েছে কমিশন।

জেলা ও রাজ্য স্তরে পৃথকভাবে MCMC গঠন করা হয়েছে। প্রার্থীরা জেলা স্তরের কমিটির কাছে আবেদন করতে পারবেন। রাজ্য স্তরের রাজনৈতিক দলগুলি আবেদন করবে রাজ্য এমসিএমসি-র কাছে। এছাড়াও বিশেষ প্রয়োজন মেটতে মুখ্য নির্বাচনী আধিকারিকের নেতৃত্বে পৃথক আপিল কমিটি থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশন আজ সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে দফায় দফায় বৈঠক করে।

সকালে কমিশন, ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠক হয়।

কমিশনের প্রতিনিধি ছাড়াও বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক সহ সব জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার এবং জেলা পুলিশ সুপাররা উপস্থিত ছিলেন।

অন্যদিকে, নির্বাচনে কাজে যুক্ত সব পর্যবেক্ষকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিকেলে আরো একটি বৈঠক হয়। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস, অরিন্দম নিয়োগী সহ বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত, বিশেষ পুলিশ পর্যবেক্ষক N K Mishra সহ কমিশনের প্রধান সচিব B C Patra, Vibhor Agarwal উপস্থিত ছিলেন বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য তৃণমূল কংগ্রেস আজ তাদের নির্বাচনী ইস্তাহার প্রকাশ করেছে। ইস্তাহারে দুয়ারে চিকিৎসা পরিষেবা, সাতটি নতুন জেলা তৈরি, সমস্ত সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সামগ্রিক মানোন্নয়ন সহ ১০ দফা প্রতিশ্রুতি রয়েছে। আজ বিকেলে কালীঘাটের বাসভবন থেকে দলনেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ওই ইস্তাহার প্রকাশ করেন। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ও সভাপতি সুব্রত বক্সি ও মন্ত্রী ফিরহাদ হাকিম উপস্থিত ছিলেন।

ইস্তাহারে একাধিক জনমুখী প্রকল্পের প্রতিশ্রুতি রাখা হয়েছে। স্বাস্থ্য পরিষেবায় ‘দুয়ারে চিকিৎসা’ চালুর প্রতিশ্রুতি দিয়েছে শাসক দল। প্রতি ব্লকে শিবির করে মানুষের দোরগোড়ায় চিকিৎসা পরিষেবা পৌঁছে দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে।

(বাইট – মমতা)

শিক্ষা ক্ষেত্রে সরকারি স্কুলগুলির পরিকাঠামোর সামগ্রিক উন্নয়ন এবং শিক্ষার মান বাড়ানোর কথাও উল্লেখ রয়েছে।কৃষিক্ষেত্রে কৃষকদের আর্থিক সহায়তা, শস্য সংরক্ষণ ও কৃষি পরিকাঠামো উন্নয়নে জোর দেওয়া হয়েছে। আবাসন প্রকল্পে রাজ্যের সমস্ত পরিবারকে পাকা বাড়ি দেওয়ার লক্ষ্যের কথাও জানানো হয়েছে। বয়স্ক নাগরিকদের জন্য সামাজিক সুরক্ষা আরও জোরদার করার উপর জোর দেওয়া হয়েছে তৃণমূল কংগ্রেসের ইস্তাহারে। সর্বজনীন ভাতা এবং স্বাস্থ্য পরিষেবা এর মধ্যে অন্যতম। শিল্প ও বাণিজ্যে বিনিয়োগ বাড়িয়ে কর্মসংস্থান তৈরির লক্ষ্যে নতুন নীতি গ্রহণের কথাও বলা হয়েছে।প্রশাসনিক ক্ষেত্রে সাতটি নতুন জেলা গঠন করে পরিষেবা আরও দ্রুত মানুষের কাছে পৌঁছে দেওয়ার পরিকল্পনার কথাও ইস্তাহারে রয়েছে।

ইস্তেহার প্রকাশের মঞ্চ থেকেই নির্বাচন কমিশন ও কেন্দ্রের বিরুদ্ধে ভোট পরিচালনা ও অফিসার বদলি নিয়ে তীব্র আক্রমণ শানান মমতা ব্যানার্জি। তাঁর অভিযোগ ভোটের নামে রাজ্যে  অঘোষিত জরুরি অবস্থা চলছে। রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে, শুধু মুখে বলা হচ্ছে না।

এদিকে, বিজেপি-র রাজ্য সভাপতি ও সাংসদ শমীক ভট্টাচার্য, ইস্তেহারের সমালোচনা করে বলেছেন, দুয়ারে চিকিৎসা এবং স্কুলগুলির মানোন্নয়নের প্রতিশ্রুতি শুধুই কথার কথা।

(বাইট – শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিলিগুড়ির উপকণ্ঠে কাওয়াখালি পোড়াঝাড় এলাকায় ভূমিরক্ষা কমিটি পুনর্বাসন এবং উপযুক্ত ক্ষতিপূরণের দাবিতে গত কয়েক বছর ধরে আন্দোলন চালিয়ে যাচ্ছে। সমস্যার সমাধান না হলে আগামী নির্বাচনে যোগ না দেওয়ার কথা জানিয়েছে। ৫১ দিন ধরে তাদের অবস্থান বিক্ষোভ চলছে। বারংবার প্রশাসনের আশ্বাস পাওয়া গেলেও কোন কাজ হয়নি বলে তাঁদের দাবি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের সব তেল পরিশোধনাগার সর্বোচ্চ ক্ষমতায় কাজ করছে এবং পর্যাপ্ত অপরিশোধিত তেল মজুত রয়েছে বলে কেন্দ্র ফের একবার নাগরিকদের আশ্বস্ত করেছে। নতুন দিল্লিতে পশ্চিম এশিয়ার সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে আন্তঃমন্ত্রক বৈঠকে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা জানিয়েছেন, গৃহস্থালির এলপিজি উৎপাদন স্থিতিশীল, এবং পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করা হচ্ছে। গত এক সপ্তাহে ১১ হাজার ৩০০ টন বাণিজ্যিক এলপিজি, উপভোক্তাদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে। গৃহস্থালির কাজে ব্যবহৃত এলপিজির উৎপাদন বৃদ্ধি পেয়েছে 40 শতাংশ। খুচরো বিক্রয়ের ক্ষেত্রে কোনো ঘাটতি নেই। আতঙ্কের ফলে করা প্যানিক বুকিং এর হার কমে বেড়ছে অনলাইন বুকিং।

(বাইট – সুজাতা শর্মা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, **২৯শে মার্চ রবিবার**, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আগামীকাল পবিত্র ঈদ উল ফিতর। গতকাল শাওয়াল মাসের চাঁদ না দেখা যাওয়ায় ভারতে ঈদ উদযাপিত হবে আগামীকাল অর্থাৎ ২১-শে মার্চ।
নাখোদা মসজিদের তরফে গতরাতে একথা জানানো হয়।

এদিকে এক মাস সংযমের রমজান উপবাসের পর খুশির ঈদের আগে জমে উঠেছে বাজার। দেদার বিক্রি হচ্ছে সিমই, লাচ্ছা এবং সুগন্ধি আতর। নতুন জামা জুতো কিনতে বড়দের হাত ধরে ছোটরা ও হাজির দোকানে। বাজার। চলছে শেষ মুহুর্তের বিকিকিনি। উৎসবের প্রস্তুতিতে মুখর পাড়া মহল্লা গঞ্জ মফস্বল। ঈদের আগে বাড়ি ফিরছেন ভীন রাজ্যে কাজে যাওয়া লাখো লাখো পরিযায়ী শ্রমিক।
আগামীকাল সুর্যোদয়ের সঙ্গেই ঈদে সামিল হবে গোটা বাংলা।

oooooooooooooooooooooo

ঈদ উপলক্ষে রাজ্যপাল আর এন রবি রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সকলের সুস্বাস্থ্য কামনা করে তিনি বলেন, এই উৎসব সকলের হৃদয়ে আনন্দ ও সমৃদ্ধিতে ভরে তুলুক। সুগভীর করুক সহমর্মিতা ও ভ্রাতৃত্ববোধের চেতনা ।

ঈদ উল ফিতর উপলক্ষে কলকাতা পুলিশ আগামীকাল শহরের বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে। অক্সিজেন, এলপিজি, সিলিন্ডার, সিএনজি গ্যাস, ওষুধ, সবজি বহনকারী গাড়ি ছাড়া কলকাতা পুলিশের আওতাধীন সব থানা এলাকায় ভোর চারটে থেকে দুপুর বারোটা পর্যন্ত পণ্যবাহী গাড়ি চলাচল বন্ধ রাখা হবে। এই সময় কলকাতা বন্দর মুখী যান চলাচলের উপরেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। আজ রাত দশটা থেকে আগামীকাল দুপুর বারোটা পর্যন্ত মধ্য কলকাতার রেড রোডে যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকছে। লেনিন সরণি ও রফি আহমেদ কিদওয়াই রোডেও ভোর চারটে থেকে দুপুর বারোটা পর্যন্ত ট্রাম চলাচল করবে না। এছাড়াও শহরের ৮২ টি রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে বলে পুলিশ জানিয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যপাল আর এন রবি মতুয়া মহাধর্ম মেলায় যোগ দিতে আজ দুপুরে উত্তর ২৪ পরগনার ঠাকুর নগরের ঠাকুর বাড়ি যান। জাতীয় সঙ্গীত দিয়ে তাঁকে ঠাকুরবাড়িতে স্বাগত জানানো হয়। ঠাকুর বাড়িতে রাজ্যপাল হরিচাঁদ মন্দিরে পুজো দেন।

oooooooooooooooooooooooo

RG Kar হাসপাতালের ট্রমা কেয়ার সেন্টারে আজ ভোরে, লিফট আটকে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় পুলিশ আজ লিফটম্যান সহ ৫ জনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে।

আগেই জানানো হয়েছে, দমদম নাগের বাজার এলাকার বাসিন্দা বছর ৪০-এর অরূপ বন্দোপাধ্যায় ছেলেকে নিয়ে হাসপাতালে চিকিৎসার জন্য আসেন। সকাল ছটা নাগাদ তিনি লিফটে ওঠার সময়, যান্ত্রিক কারণে সেটি নীচে নেমে গেলে তিনি আটকে পড়েন। ঘণ্টা তিনেক ধরে কোনো সাহায্য না পাওয়ায় সেখানেই মৃত্যু হয় তাঁর। ময়না তদন্তের প্রাথমিক রিপোর্টে জানাযায়, ওই ব্যক্তির পাঁজরের সব হাড় ভেঙ্গে গেছে, কিডনী ও লিভারও ভীষন ভাবে ক্ষতিগ্রস্ত। এই ঘটনায় হাসপাতাল চত্বরে আজ পরিবারের পক্ষ থেকে বিক্ষোভও দেখানো হয়।

oooooooooooooooooooooo

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে

মোহনবাগান পাঁচ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষে রয়েছে। অন্যদিক মুম্বাই পাঁচ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে আছে।

oooooooooooooooooooooo

মধ্যপ্রদেশ থেকে উত্তরপ্রদেশ হয়ে উত্তর গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং দক্ষিণ আসাম পর্যন্ত বিস্তৃত ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপসাগর থেকে বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ

করায় আজ রাজ্যের বিভিন্ন জেলাতে দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ইতিমধ্যেই সাম্প্রতিক র‍্যাডার পর্যবেক্ষনে আগামী দু থেকে তিন ঘন্টায় নদীয়া মুর্শিদাবাদ ও বীরভূমে ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে বলে জানানো হয়েছে। কোথাও কোথাও হতে পারে শিলা বৃষ্টি। উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে।

এদিকে, সারাদিনই আকাশ আংশিক মেঘলা থাকায় দিনের তাপমাত্রা বেশ কিছুটা কমেছে। আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ৩ দশমিক ৩ ডিগ্রী কম।

সমূদ্র উত্তাল থাকায় আজ ও আগামীকাল মৎস্যজীবীদের পশ্চিমবঙ্গ ও উত্তর ওড়িশা উপকূলে মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo